



ঢাকাসহ দেশের বিভিন্ন অঞ্চলে ফের ভূমিকম্প অনুভূত



সংগৃহীত ছবি

বৃহস্পতিবার বিকেল সোয়া ৪টার পর ঢাকাসহ দেশের বিভিন্ন এলাকায় ভূমিকম্প অনুভূত হয়। রিখটার স্কেলে এর মাত্রা পাওয়া গেছে ৩.৬। ইউরোপীয়-ভূমধ্যসাগরীয় ভূকম্পন কেন্দ্র (ইএমএসসি) বিষয়টি নিশ্চিত করেছে।

আজ বৃহস্পতিবার বিকেল সোয়া ৪টার কিছু পর রাজধানী ঢাকাসহ দেশের বিভিন্ন অঞ্চলে ভূকম্পন অনুভূত হয়েছে। হঠাৎ অনুভূত এই কম্পন কয়েক সেকেন্ড স্থায়ী থাকলেও জনমনে আতঙ্ক ছড়ায়। অনেকেই তাৎক্ষণিকভাবে ঘর-বাড়ি ও অফিস থেকে বাইরে বের হয়ে আসেন।

ইউরোপীয়-ভূমধ্যসাগরীয় ভূকম্পন কেন্দ্র (ইএমএসসি) তাদের অফিসিয়াল প্ল্যাটফর্মে বাংলাদেশে ভূমিকম্প অনুভূত হওয়ার বিষয়টি নিশ্চিত করেছে। সংস্থাটি জানায়, ভূমিকম্পটির উৎপত্তিস্থল আঞ্চলিক ফল্ট লাইনের কাছাকাছি হওয়ায় এর প্রভাব রাজধানীসহ বিভিন্ন এলাকায় অনুভূত হয়েছে। তবে এখনো কোনো ধরনের ক্ষয়ক্ষতি বা হতাহতের তথ্য পাওয়া যায়নি।

LENS ASIA